গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি মাধ্যমিক-২ শাখা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭১.১৮.২১০.১৮-৪৮৫ তারিখ: ৩০ শ্রাবণ, ১৪৩০ / ১৪ আগস্ট, ২০২৩

**বিষয়: ২০২৩ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমান পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানে সহায়তা প্রদান প্রসংঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী ১৭ আগস্ট, ২০২৩ তারিখ বৃহস্পতিবার হতে ২০২৩ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমান পরীক্ষা সারাদেশে একযোগে শুরু হবে। গুরুত্বপূর্ণ এ পাবলিক পরীক্ষা যাতে সুষ্ঠু ও সুন্দরভাবে অনুষ্ঠিত হয় সে জন্য বাংলাদেশ পুলিশসহ অন্যান্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সহযোগিতা একান্ত প্রয়োজন। উল্লেখ্য, ইতোপূর্বে অনুষ্ঠিত পাবলিক পরীক্ষাসমূহ আইনশৃঙ্খলা বাহিনীর আন্তরিক প্রচেষ্টা, দায়িত্বশীল ভূমিকা এবং জেলা ম্যাজিস্ট্রেসির সাথে কার্যকর সমন্বয়ের কারণে সুষ্ঠু ও সুন্দরভাবে গ্রহণ করা সম্ভব হয়েছে।

০২। আসন্ন এইচএসসি ও সমমান পরীক্ষা-২০২৩ সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে গত ০৮ আগস্ট, ২০২৩ তারিখে শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত জাতীয় মনিটরিং ও আইনশৃঙ্খলা কমিটি'র সভায় নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়:

**সিদ্ধান্ত-৪.৩: পরীক্ষা চলাকালীন পরীক্ষা কেন্দ্রের ২০০ গজের মধ্যে শিক্ষক, ছাত্র ও কর্মচারীদের মোবাইল, মোবাইল ফোনের সুবিধাসহ ঘড়ি, কলম এবং পরীক্ষা কেন্দ্রে ব্যবহারের অনুমতিবিহীন যে কোন ইলেকট্রনিক্স ডিভাইস ব্যবহার নিষিদ্ধ থাকবে। নির্দেশ অমান্যকারীদের বিরুদ্ধে তাৎক্ষণিক আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে;**

**সিদ্ধান্ত-৪.১০: জেলার ক্ষেত্রে ট্রেজারি এবং উপজেলার ক্ষেত্রে উপজেলাস্থ থানার লকার/মালখানায় প্রশ্নপত্রের ট্রাংক সংরক্ষণ করতে হবে। ট্রেজারিতে রক্ষিত প্রশ্নপত্র পরীক্ষা শুরুর অন্তত: তিন দিন পূর্বে দিনভিত্তিক ও সেটভিত্তিক সর্টিং করে সিকিউরিটি খামে সংরক্ষণ করতে হবে; .**

**সিদ্ধান্ত-৪.১১: পরীক্ষা সুষ্ঠু, সুন্দর ও সুশৃঙ্খল পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে আগামী ১৪ আগস্ট ২০২৩ তারিখ হতে ২৫ সেপ্টেম্বর, ২০২৩ তারিখ পর্যন্ত সকল কোচিং সেন্টার বন্ধ থাকবে। জেলা প্রশাসন ও আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এ বিষয়টি নিশ্চিত করবে;**

**সিদ্ধান্ত-৪১.৭: পরীক্ষা চলাকালীন পরীক্ষাকেন্দ্রের আশেপাশে পরীক্ষার পরিবেশ বিঘ্নিত হয় এরূপ কোন রাজনৈতিক কর্মসূচি , শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী প্রয়োজনীয় -সমাবেশ ইত্যাদির অনুমোদন দেয়া যাবে না। এ বিষয়ে স্থানীয় প্রশাসন ও আইন-সভা ;ব্যবস্থা গ্রহণ করবে**

০৪। বর্ণিতাবস্থায়, সুষ্ঠু ও সুন্দর পরিবেশে আসন্ন এসএসসি/সমমান পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে জাতীয় আইন শৃঙ্খলা ও মনিটরিং কমিটি'র সভার উপর্যুক্ত সিদ্ধান্তের আলোকে ব্যবস্থা গ্রহণের নিমিত্ত (প্রযোজ্য ক্ষেত্রে) আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:
১। পরীক্ষার রুটিন.......... পৃষ্ঠা।

মোসাম্মৎ রহিমা আক্তার
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২২২৩৩৫৬৭৮০
ইমেইল: govt.sec2@moedu.gov.bd

সিনিয়র সচিব
জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭১.১৮.২১০.১৮-৪৮৫ তারিখ: ৩০ শ্রাবণ, ১৪৩০ / ১৪ আগস্ট, ২০২৩

**অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ, পুলিশ অধিদপ্তর, পুলিশ হেড কোয়ার্টার্স, ঢাকা
০২. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ ময়মনসিংহ
০৩. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/ চট্টগ্রাম/ কুমিল্লা/ রাজশাহী/ যশোর/ সিলেট/ বরিশাল/ দিনাজপুর/ ময়মনসিংহ /বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
০৪. জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট............. (সকল) জেলা
০৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়
০৬. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়
০৭. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
০৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
০৯. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

মোসাম্মৎ রহিমা আক্তার
সিনিয়র সহকারী সচিব